গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৭ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

নম্বর: ২৬.০০.০০০০.১০৬.৮৬.০৮৬.১৫.৭৪ তারিখ: ০৯ আষাঢ় ১৪৩১ / ২৩ জুন ২০২৪

# মেলা পরিপত্র, ২০২৪

**বিষয়: দেশের অভ্যন্তরে বাণিজ্য মেলা আয়োজন সম্পর্কিত নির্দেশাবলী**

দেশে উৎপাদিত পণ্যের বাজার প্রসার, রপ্তানি বৃদ্ধি, শিল্পায়নের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি ও উপকরণসমূহ প্রদর্শন, পণ্যের গুণগত মান ও মূল্য সম্পর্কে জনগণকে অবহিতকরণ এবং পণ্য বিক্রয় ও প্রদর্শনের উদ্দেশ্যে দেশের বিভিন্ন অঞ্চলে স্থানীয় ও আন্তর্জাতিক বাণিজ্য মেলা (Trade Fair) সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয়ের ২৯ জুন ২০২২ তারিখের পরিপত্র নম্বর: ২৬.০০.০০০০.১০৬.৮৬.০৮৬.১৫/১১১ বাতিলপূর্বক নিম্নরূপ নির্দেশাবলী নির্দেশক্রমে জারি করা হলো:

**১। সংজ্ঞা:**

(ক) **বাণিজ্য মেলা :** বাংলাদেশের অভ্যন্তরে বিভাগীয় অথবা জেলা অথবা উপজেলা শহরে অথবা কোন গ্রামে বাণিজ্যিক উদ্দেশ্যে আয়োজিত মেলা যেখানে পণ্য ও সেবা প্রদর্শন ও বিক্রয়ের ব্যবস্থা থাকে তা বাণিজ্য মেলা হিসেবে গণ্য হবে। তবে বাংলাদেশের ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির সাথে সংশ্লিষ্ট মেলা যেমন- 'বৈশাখী মেলা', 'চৈত্র সংক্রান্তি মেলা', ধর্মীয় আচার অনুষ্ঠানের সাথে সম্পর্কযুক্ত মেলা যেমন-'মহরমের মেলা', ইতিহাস ঐতিহ্যের সাথে জড়িত মেলা যেমন- আন্তর্জাতিক মাতৃভাষা ও শহিদ দিবস উপলক্ষ্যে আয়োজিত 'একুশে বইমেলা' এবং রাষ্ট্রীয় কোন প্রতিষ্ঠান আয়োজিত মেলা যেমন-জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত 'ঢাকা বইমেলা' বাণিজ্য মেলা হিসেবে গণ্য হবে না।

(খ) **স্থানীয় বাণিজ্য মেলা:** বাংলাদেশের অভ্যন্তরে শুধুমাত্র বাংলাদেশি ব্যবসায়ী অথবা প্রতিষ্ঠানসমূহের অংশগ্রহণে বাংলাদেশি পণ্য ও সেবা প্রদর্শন, বিক্রয় বা বিনিময়ের উদ্দেশ্যে আয়োজিত মেলা "স্থানীয় বাণিজ্য মেলা" হিসেবে গণ্য হবে।

(গ) **আন্তর্জাতিক বাণিজ্য মেলা:** দেশীয় প্রতিষ্ঠান এবং কমপক্ষে ০৩ (তিন) টি বিদেশি প্রতিষ্ঠানের অংশগ্রহণে বিভাগীয় অথবা জেলা অথবা উপজেলা শহরে পণ্য ও সেবার বাণিজ্য অথবা ব্যবসা সম্প্রসারণের উদ্দেশ্যে আয়োজিত বাণিজ্য মেলা "আন্তর্জাতিক বাণিজ্য মেলা" হিসেবে গণ্য হবে।

**২। স্থানীয় বাণিজ্য মেলা আয়োজনের নিয়মাবলী:**

(ক) ঢাকা মেট্রোপলিটন এলাকা ছাড়া দেশের বিভাগীয় অথবা জেলা অথবা উপজেলা শহরে স্থানীয় বাণিজ্য মেলা আয়োজনের ক্ষেত্রে আবেদনকারী কোম্পানি/প্রতিষ্ঠান/ব্যক্তিকে (প্রযোজ্য ক্ষেত্রে) হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট পরিশোধ সনদ, মেলার স্থান বরাদ্দপত্র, পণ্য বা সেবা সংশ্লিষ্ট নিবন্ধিত এসোসিয়েশন/চেম্বার এর সুপারিশসহ মতামত এবং অনুচ্ছেদ ৪-এ বর্ণিত হারে ফি ট্রেজারি চালান/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস)/অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি/প্রমাণকসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর কমপক্ষে ১ (এক) মাস পূর্বে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট এসোসিয়েশন/চেম্বার এর নামে ৫০০ (পাঁচশত) টাকা জমা প্রদান করতে হবে;

(খ) জেলা প্রশাসকগণ সংশ্লিষ্ট নিবন্ধিত এসোসিয়েশন/চেম্বারের সুপারিশের ভিত্তিতে ও স্থানীয় পুলিশ বিভাগের মতামত গ্রহণ করে ৫ নং অনুচ্ছেদের শর্তাবলী পরিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট জেলার মধ্যে অনধিক ১ (এক) মাসের জন্য বাণিজ্য মেলা আয়োজনের অনুমতি প্রদান করতে পারবেন;

(গ) ঢাকা মেট্রোপলিটন এলাকার মধ্যে স্থানীয় বাণিজ্য মেলা আয়োজনের ক্ষেত্রে মেলা শুরুর তারিখের ন্যূনতম ২ (দুই) মাস পূর্বে অনুমতির জন্য আবেদনকারী কোম্পানি/প্রতিষ্ঠান/ব্যক্তিকে (প্রযোজ্য ক্ষেত্রে) হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট পরিশোধ সনদ, মেলার স্থান বরাদ্দপত্র, পণ্য বা সেবা সংশ্লিষ্ট নিবন্ধিত এসোসিয়েশন/চেম্বার এর সুপারিশসহ মতামত এবং অনুচ্ছেদ ৪-এ বর্ণিত হারে ফি ট্রেজারি চালান/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস)/অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি/প্রমাণকসহ আবেদনপত্র বাণিজ্য মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। সংশ্লিষ্ট এসোসিয়েশন/চেম্বার এর নামে ৫০০ (পাঁচশত) টাকা জমা প্রদান করতে হবে;

**৩। আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনের নিয়মাবলী:**

(ক) 'ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা' (ডিআইটিএফ) ব্যতীত বাংলাদেশের যে কোন স্থানে আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনের ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

(খ) আবেদনকারী কোম্পানি/প্রতিষ্ঠান/ব্যক্তিকে (প্রযোজ্য ক্ষেত্রে) হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট পরিশোধ সনদ, মেলার স্থান বরাদ্দপত্র, পণ্য বা সেবা সংশ্লিষ্ট নিবন্ধিত এসোসিয়েশন/চেম্বার এর সুপারিশসহ মতামত এবং অনুচ্ছেদ ৪-এ বর্ণিত হারে ফি ট্রেজারি চালান/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস)/অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি/প্রমাণকসহ ন্যূনতম ০২ (দুই) মাস পূর্বে অনুমতির জন্য আবেদনপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট এসোসিয়েশন/চেম্বার এর নামে ৫০০ (পাঁচশত) টাকা জমা প্রদান করতে হবে;

(গ) বাণিজ্য মন্ত্রণালয়ের ট্রেড অর্গানাইজেশন (টিও) লাইসেন্স প্রাপ্ত এবং জয়েন্ট স্টক কোম্পানি কর্তৃক সার্টিফিকেট অব ইনকর্পোরেশন প্রাপ্ত ব্যবসায়ী সংগঠন অথবা এসোসিয়েশনকে টিও লাইসেন্স ও সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এর কপি, মেলার স্থান বরাদ্দপত্র এবং অনুচ্ছেদ ৪-এ বর্ণিত হারে নির্ধারিত ফি জমা দেয়ার চালান/প্রমাণসহ ন্যূনতম ২ (দুই) মাস পূর্বে অনুমতির জন্য আবেদনপত্র দাখিল করতে হবে;

(ঘ) বাণিজ্য মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইসহ প্রয়োজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয় অথবা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি অথবা রপ্তানি উন্নয়ন ব্যুরো অথবা স্থানীয় প্রশাসন অথবা সংশ্লিষ্ট এসোসিয়েশন-এর মতামত গ্রহণ করে সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে ৫ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী (প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী) পরিপালন সাপেক্ষে মেলার অনুমতি প্রদান করবে। কোন আবেদন সন্তোষজনক বিবেচিত না হলে সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে জানিয়ে দেয়া হবে;

(ঙ) বিদেশি কোম্পানি অথবা প্রতিষ্ঠানের অংশগ্রহণের ক্ষেত্রে মেলা আয়োজনের অন্ততঃ ০৭ (সাত) দিন পূর্বে কোম্পানি অথবা প্রতিষ্ঠানসমূহের বিস্তারিত তথ্য বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

(চ) ঢাকা ব্যতীত দেশের ৭টি বিভাগীয় শহর যথাঃ চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল, রংপুর ও ময়মনসিংহ এবং তিনটি পার্বত্য জেলায় (খাগড়াছড়ি, রাঙামাটি ও বান্দরবান) আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনের নিমিত্ত মেলা অনুষ্ঠানের ন্যূনতম ১ (এক) মাস পূর্বে আয়োজনকারী সংশ্লিষ্ট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের ট্রেড অর্গানাইজেশন (টিও) লাইসেন্স এবং রেজিস্ট্রার জয়েন্ট স্টক কোম্পানি কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এর কপিসহ মেলার স্থান বরাদ্দপত্র এবং অনুচ্ছেদ ৪-এ বর্ণিত নির্ধারিত ফি জমা দেয়ার চালান/প্রমাণসহ আবেদনপত্র দাখিল করবে;

(ছ) জেলা পর্যায়ে আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনের অনুমতি প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অনাপত্তিসহ আবেদন করতে হবে।

৪। **মেলা আয়োজনের আবেদন ফি:** অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৭.০০.০০০০.১৪৪.০৪.০০৫.২০.৩৮; তারিখ: ৩১ মে ২০২২ অনুযায়ী:

(ক) স্থানীয় বাণিজ্য মেলার আবেদনের সাথে নিম্নরূপ হারে অফেরতযোগ্য ফি ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে (কোড-১-১৭০১-০০০১-২৬৮১ অথবা অটোমেটেড চালান কোড-১১৭০১০১১০৪০০৭-১৪৪১২৯৯ এ) (প্রযোজ্য ক্ষেত্রে অন্য কোন ইলেকট্রনিক মাধ্যমে) জমা প্রদান করতে হবে:

| মেয়াদ | ফি (টাকা) |
|---|---|
| ০১-০৫ দিন | ৫০০০/- পাঁচ হাজার টাকা |
| ০৬-১০ দিন | ১০,০০০/- দশ হাজার টাকা |
| ১১-১৫ দিন | ১৫,০০০/- পনেরো হাজার টাকা |
| ১৬-২০ দিন | ২০,০০০/- বিশ হাজার টাকা |
| ২১-২৫ দিন | ২৫,০০০/- পঁচিশ হাজার টাকা |
| ২৬-৩০ দিন | ৩০,০০০/- ত্রিশ হাজার টাকা |

(খ) আন্তর্জাতিক বাণিজ্য মেলার আবেদনের সাথে নিম্নরূপ হারে অফেরতযোগ্য ফি ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে (কোড-১-১৭০১-০০০১-২৬৮১ অথবা অটোমেটেড চালান কোড-১১৭০১০১১০৪০০৭-১৪৪১২৯৯ এ) (প্রযোজ্য ক্ষেত্রে অন্য কোন ইলেকট্রনিক মাধ্যমে) জমা প্রদান করতে হবে:

| মেয়াদ | ফি (মার্কিন ডলারের সমপরিমাণ টাকা) |
|---|---|
| ০১-০৫ দিন | ৩০০.০০ (তিনশত) মার্কিন ডলার |
| ০৬-১০ দিন | ৫০০.০০ (পাঁচশত) মার্কিন ডলার |
| ১১-১৫ দিন | ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) মার্কিন ডলার |
| ১৬-২০ দিন | ১০০০.০০ (এক হাজার) মার্কিন ডলার |
| ২১-২৫ দিন | ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) মার্কিন ডলার |
| ২৬-৩০ দিন | ২০০০.০০ (দুই হাজার) মার্কিন ডলার |

**৫। স্থানীয় ও আন্তর্জাতিক বাণিজ্য মেলা আয়োজনের শর্তাবলী:**

(ক) মেলা আয়োজনের অনুমতি প্রদানকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত মেলার সময়সীমা বর্ধিত করা যাবে না;

(খ) মেলার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে আবেদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ৪-এ উল্লিখিত হারে অতিরিক্ত ফি পরিশোধ করতে হবে;

(গ) কোন কারণে নির্ধারিত তারিখে মেলা আয়োজন করা সম্ভব না হলে আবেদনকারীকে পুনরায় ফি প্রদান করে আবেদন করতে হবে এবং তা নতুন আবেদন হিসেবে বিবেচিত হবে;

(ঘ) মেলা আয়োজনের অনুমতির জন্য আবেদনের পূর্বেই যথাযথ কর্তৃপক্ষ হতে মেলার স্থানের বরাদ্দ পত্র গ্রহণ করতে হবে;

(ঙ) কোন স্থানে মেলা আয়োজন করতে গিয়ে উক্ত ভূমির শ্রেণি পরিবর্তন করা যাবে না;

(চ) কোন শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে মেলা আয়োজন করা যাবে না;

(ছ) আমদানি নিষিদ্ধ বা অবৈধ ভাবে আমদানিকৃত বা অবৈধ পণ্য মেলায় প্রদর্শন ও বিক্রয় করা যাবে না এবং মেলায় প্রদর্শিত পণ্যসামগ্রী মেলা আয়োজনের উদ্দেশ্যের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে;

(জ) আমদানি নিষিদ্ধ নয় এমন কোন বিদেশি পণ্য অথবা যন্ত্রপাতি অথবা সরঞ্জাম মেলায় প্রদর্শন অথবা বিক্রয়ের প্রয়োজন হলে উক্ত বিদেশি পণ্য অথবা যন্ত্রপাতি অথবা সরঞ্জাম বিদ্যমান "আমদানি নীতি আদেশ" অনুসরণ করে আমদানি করতে হবে;

(ঝ) মেলায় অশালীন, অসামাজিক ও অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না;

(ঞ) জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সামাজিক রীতিনীতি পরিপন্থি কোন কিছু প্রদর্শন বা প্রচার করা যাবে না;

(ট) স্থানীয় প্রশাসন এবং আইন-শৃঙ্খলা বাহিনীকে অবগত রেখে মেলা পরিচালনা করতে হবে এবং মেলার আয়োজক কর্তৃক নিজ উদ্যোগে মেলার আইন-শৃঙ্খলা রক্ষা করতে হবে;

(ঠ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত কোন বিদেশি শিল্পী/মডেল/সেলিব্রেটি মেলায় অংশগ্রহণ করতে পারবে না;

(ড) দেশীয় পণ্য বা দেশীয় পণ্য উৎপাদনে নিয়োজিত কোম্পানি অথবা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হবে মর্মে প্রতীয়মান হলে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ মেলার অনুমতি না দেয়া এবং অনুমোদিত যে কোন মেলার অনুমতি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে; এবং

(ঢ) শর্ত (ড) ব্যতীত উল্লিখিত শর্তাবলী লঙ্ঘন করলে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলা আয়োজনের অনুমতি বাতিল করতে পারবে।

৬। এ পরিপত্রে বর্ণিত বিধান লঙ্ঘন অথবা অমান্য করে কেউ বাণিজ্য মেলা আয়োজন করতে পারবেন না। যদি কেউ এরূপ কাজে লিপ্ত হন তাহলে স্থানীয় প্রশাসন মেলার আয়োজন বন্ধ করাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে এবং বাণিজ্য মন্ত্রণালয়কে অবহিত করবে।

৭। কোন কোম্পানি অথবা প্রতিষ্ঠান অথবা ব্যক্তি কর্তৃক দাখিলকৃত আবেদনে বিভ্রান্তিকর বা জালিয়াতিপূর্ণ তথ্য আছে বলে প্রমাণিত হলে উক্ত কোম্পানি অথবা প্রতিষ্ঠান অথবা ব্যক্তির সংশ্লিষ্ট মেলার আবেদন বাতিল করা হবে এবং ভবিষ্যতে উক্ত কোম্পানি অথবা প্রতিষ্ঠান অথবা ব্যক্তিকে আর কোন মেলা আয়োজনের অনুমতি প্রদান করা হবে না।

৮। মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলার সময়সূচি পরিবর্তন বা মেলা আয়োজনের অনুমতি বাতিল করার এখতিয়ার সংরক্ষণ করবে।

৯। এ পরিপত্র ০১ জুলাই ২০২৪ হতে কার্যকর হবে। তবে ২৯ জুন ২০২২ তারিখের ২৬.০০.০০০০.১০৬.৮৬.০৮৬.১৫/১১১ সংখ্যক পরিপত্রের বিধান মোতাবেক ইতোপূর্বে প্রদত্ত মেলাসমূহের অনুমতি বহাল থাকবে এবং ০১ জুলাই ২০২৪ তারিখের পূর্বে প্রাপ্ত আবেদনসমূহের কার্যক্রম যথারীতি চলমান থাকবে।

২৬.০৬.২০২৪

(মুহাম্মদ রেহান উদ্দিন)
উপসচিব
ফোন: ৫৫১০১২৫৫
export7@mincom.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২১৭।
২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা।
৫। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, পুরানা পল্টন, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার---------------------------------- (সকল)।
৭। মেট্রোপলিটন পুলিশ কমিশনার------------------------(সকল)।
৮। জেলা প্রশাসক----------------------------------------(সকল)।
৯। পুলিশ সুপার-----------------------------------------(সকল)।
১০। সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। সভাপতি/সম্পাদক, .......চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি-------------(সকল)।
১২। সভাপতি/সম্পাদক, ............. এসোসিয়েশন---------------(সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (রপ্তানি-২), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপসচিব (বাজেট), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।